



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম



তারিখ : ১৮.০২.২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদী ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির প্রাথমিক আবেদন ফরম
উত্তোলন ও ফি জমাদান সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

কলেজ কোড- ৪৩০১

চট্টগ্রাম কলেজে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৫.০২.২০২৪ খ্রি. তারিখের সময় বৃদ্ধি করে সংশোধিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ১৮.০২.২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টা থেকে . ২৮.০২.২০২৪ খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions হতে অনার্স ১ম বর্ষে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করা যাবে। চট্টগ্রাম কলেজে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীরা প্রাথমিক আবেদন ফরম সংগ্রহের পর উপায়/রকেট/বিকাশ/নগদ অ্যাপস এর মাধ্যমে উল্লিখিত তারিখের মধ্যে নির্ধারিত ফি ৩৫০.০০ টাকা জমা প্রদান করতে পারবে।

ভর্তির আবেদন নির্ধারিত ফি ৩৫০.০০ জমাদান নিম্নরূপ :

১। প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর প্রথমে কলেজের ভর্তি ওয়েবসাইটে www.ctgcollege.eshiksabd.com লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড **ctgstudent** লগইন করতে হবে। এর পর **Apply for Application Form** এ ক্লিক করে **NU Admission** এর ০৭ (সাত) ডিজিটের রোল নম্বর এবং **Student Name** এ শিক্ষার্থীর নাম লিখে **Submit** এ ক্লিক করে নিম্নোক্ত নিয়মে ফি পরিশোধ করতে হবে

২) উপায়/রকেট/বিকাশ/নগদ অ্যাপস লগইন করতে হবে।


- উপায়/বিকাশ অ্যাপসে এডুকেশন ফি (Education fee) সিলেক্ট করতে হবে।
- রকেট/নগদ অ্যাপসে পে বিল সিলেক্ট করতে হবে (সংযুক্তি দেখুন)।
- কলেজ ট্যাপ করে **Chittagong College** সিলেক্ট করতে হবে।
- স্টুডেন্ট আইডি নম্বরের জায়গায় ০৭ (সাত) ডিজিটের রোল নম্বর দিতে হবে।
- টাকার পরিমাণ চেক করে ফি পরিশোধ করতে হবে।


৩) ফি পরিশোধ সফল হলে প্রাপ্ত ট্রানজেকশান আইডি ও মোবাইল নম্বর আবেদন ফরমে লিখে ফরমটি পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিজের কাছে সংরক্ষণ করতে হবে।


৪) ২৯.০২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রাথমিক আবেদন এর নিশ্চয়নের SMS না পেলে ভর্তি রোল নম্বর এবং পিন কোড দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions তে গিয়ে Applicant Login করে প্রাপ্ত Panel এ View Application অপশনে Status: **Received** থাকলে ফরমটি কলেজ কর্তৃক Received হয়েছে এবং View Application অপশনে Status: **Submitted** থাকলে আগামী ০৩.০৩.২০২৪ খ্রি. তারিখ দুপুর ১:০০ টার মধ্যে প্রশাসনিক ভবন এর অফিস কক্ষ নম্বর ৫-১০৪ এ যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

বিশেষ দ্রষ্টব্য: উচ্চ মাধ্যমিকে ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যারা মানবিক শাখার বিষয়সমূহে ভর্তি হতে আগ্রহী তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী এ কলেজে আবেদন করতে পারবে।

প্রতি স্বাক্ষর


প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী
আইডি নম্বর : ০০২৯০২


জনাব সচ্চিদানন্দ পাল
সহযোগী অধ্যাপক, ইংরেজি


জনাব মহিয়া রাণী সাহা
সহযোগী অধ্যাপক, পরিসংখ্যান

অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ চট্টগ্রাম।

ও
আস্থায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪ (মানবিক)

ও
আস্থায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪ (বিজ্ঞান)

ওয়েবসাইট: www.ctgcollege.gov.bd ইমেইল: ctgcollege@yahoo.com

This Pc/Local Disk-E/ভর্তি বিজ্ঞপ্তি